

তারিখ, ২২ আষাঢ়, ১৪১২/৬ জুলাই, ২০০৫

এস,আর,ও নং ২০৫-আইন/আয়কর/২০০৫।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার তৈরী পোশাক এবং নীটওয়্যার উৎপাদনে নিয়োজিত করদাতার ১লা জুলাই, ২০০৫ হইতে ৩০শে জুন, ২০১০ পর্যন্ত সময়কালের জন্য রপ্তানি হইতে উদ্ধৃত আয়ের ক্ষেত্রে Ordinance এর 53BB ধারায় উৎসে কর্তিত আয়করকে নিম্নবর্ণিত শর্তাধীনে চূড়ান্ত করদায় হিসাবে গণ্য করিল, যথা:-

- (ক) উক্ত আয়ের ক্ষেত্রে Ordinance এর 19 বা 30 ধারায় সংযোজিত আয় চূড়ান্ত করদায় বহির্ভূত হইবে;
- (খ) আয় নিরূপণের জন্য এ সকল প্রতিষ্ঠানের ধারণাগত আয়করের হার ১০% বিবেচনাপূর্বক আয় নিরূপণ করিতে হইবে;
- (গ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য যে কোন ধারার আয় এসব প্রতিষ্ঠানের জন্য স্বাভাবিক পদ্ধতিতে নিরূপিত হইবে;
- (ঘ) সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস এর নিকট আয়কর রিটার্ন, হিসাবের বিবরণী ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে এবং ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস উক্ত Ordinance এর section 28 এবং 29 এর অধীন উক্ত করদাতার অন্যান্য আয়, যদি থাকে, সহ করদাতার আয় নিরূপণ করতঃ কর নির্ধারণী কার্য সম্পন্ন করিবেন।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এ এস জহির মোহাম্মদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৬৫-আইন-আয়কর/২০১০।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্বারা অত্র বিভাগের ২২ আষাঢ়, ১৪১২/৬ জুলাই, ২০০৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৫-আইন/আয়কর/২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ১নং অনুচ্ছেদে বর্ণিত “৩০শে জুন, ২০১০” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০শে জুন, ২০১২” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৭-আইন-আয়কর/২০১২ —Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্বারা অত্র বিভাগের ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৬৫-আইন/আয়কর/২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত “৩০শে জুন, ২০১২” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা পরিবর্তে “৩০ জুন, ২০১৪” সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)